রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১১, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ২৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ/ ১১ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং ৪০৩-আইন/২০২৬।—সরকার সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের—

(১) অনুচ্ছেদ ১ এর দফা (৩) এর—

(ক) উপ-দফা (জ) এর পর নিম্নরূপ উপ-দফা (জজ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(জজ) ১ জুলাই ২০২৬ তারিখের পর হইতে এই আদেশ জারির তারিখ পর্যন্ত সময়ে অবসর-উত্তর ছুটি শেষে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী আহরিত মূল বেতনের ভিত্তিতে কোনো নিট পেনশন ও আনুতোষিকের দাবি নিষ্পত্তি হইয়া থাকিলে উপ-দফা (ঝ) এর বিধান সাপেক্ষে প্রযোজ্য ক্ষেত্রে উহা পুনর্নির্ধারণ করিতে হইবে এবং পুনর্নির্ধারণের ফলে অতিরিক্ত কোনো অর্থ প্রাপ্য হইলে তাহা প্রদেয় হইবে;";

(খ) উপ-দফা (ঝ) এর পর নিম্নরূপ উপ-দফা (ঝঝ) ও (ঝঝঝ) সন্নিবেশিত হইবে, যথা:—

মূল্য : টাকা ৮.০০

"(ঝঝ) যেই সকল কর্মচারীর অবসর-উত্তর ছুটি ১ জুলাই ২০২৬ তারিখে আরম্ভ হইয়াছে, তাঁহাদের ক্ষেত্রে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী অবসর-উত্তর ছুটিকালীন বেতন ও ভাতাদি বিশেষ সুবিধাসহ প্রদেয় হইবে, অতঃপর অবসর-উত্তর ছুটি শেষে তাঁহাদের নিট পেনশন ও আনুতোষিকের পরিমাণ উপ-দফা (ঙ), (চ), অনুচ্ছেদ ৫ (জ), অনুচ্ছেদ ৭ ও ৮ এর বিধান অনুসারে নির্ধারিত ও প্রদেয় হইবে;

(ঝঝঝ) যেই সকল কর্মচারী ২ জুলাই ২০২৬ তারিখে বা তৎপরবর্তী সময়ে অবসর-উত্তর ছুটিতে গমন করিয়াছেন বা করিবেন, তাঁহাদের ক্ষেত্রে জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুযায়ী অবসর-উত্তর ছুটিকালীন উপ-দফা (ক), (খ), (গ) ও (ঞ) এর বিধান অনুসারে বেতন ও ভাতাদি প্রদেয় হইবে, অতঃপর অবসর-উত্তর ছুটি শেষে তাঁহাদের নিট পেনশন ও আনুতোষিকের পরিমাণ উপ-দফা (ঙ), (চ) এবং অনুচ্ছেদ ৭ ও ৮ এর প্রযোজ্য বিধান অনুসারে নির্ধারিত ও প্রদেয় হইবে;"।

(২) অনুচ্ছেদ ৫ এর—

(ক) উপ-দফা (জ) এর পর নিম্নরূপ ব্যাখ্যা সন্নিবেশিত হইবে, যথা:—

"**ব্যাখ্যা**।—যেই সকল কর্মচারীর অবসর-উত্তর ছুটি ১ জুলাই ২০২৬ তারিখের পূর্বে আরম্ভ হইয়াছে এবং উক্ত তারিখে বা তৎপরবর্তী সময়ে চলমান রহিয়াছে, তাঁহাদের ক্ষেত্রে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী অবসর-উত্তর ছুটিকালীন বেতন ও ভাতাদি বিশেষ সুবিধাসহ প্রদেয় হইবে, অতঃপর অবসর-উত্তর ছুটি শেষে তাঁহাদের নিট পেনশন ও আনুতোষিকের পরিমাণ জাতীয় বেতনস্কেল, ২০২৬ এর অনুচ্ছেদ ১ এর দফা (৩) এর উপ-দফা (ঙ), (চ), (ঝ) এবং অনুচ্ছেদ ৫(জ), অনুচ্ছেদ ৭ ও ৮ এর প্রযোজ্য বিধান অনুসারে নির্ধারিত ও প্রদেয় হইবে;";

(খ) উপ-দফা (ঝ) এর পর নিম্নরূপ ব্যাখ্যা সন্নিবেশিত হইবে, যথা:—

"**ব্যাখ্যা**।—যেই সকল কর্মচারীর অবসর-উত্তর ছুটি ৩০ জুন ২০২৬ তারিখে সমাপ্ত হইয়াছে এবং ১ জুলাই ২০২৬ তারিখে পেনশন কার্যকর হইয়াছে, তাঁহাদের ক্ষেত্রে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে নিট পেনশন ও আনুতোষিক নির্ধারিত হইবে, অতঃপর তাঁহাদের নিট পেনশনের শতাংশভিত্তিক বৃদ্ধি ও উহার প্রাপ্যতা জাতীয় বেতনস্কেল, ২০২৬ এর অনুচ্ছেদ ১ এর দফা (৩) এর উপ-দফা (ঙ), (চ), (ছ), অনুচ্ছেদ ৫(ঝ) ও অনুচ্ছেদ ৮(১) (খ) এর বিধান অনুসারে নির্ধারিত ও প্রদেয় হইবে;"।

(৩) অনুচ্ছেদ ৮ এর দফা (১) এর—

(ক) উপ-দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ক) পেনশন ও গ্রাচুইটি বা আনুতোষিক এর বিদ্যমান হার অপরিবর্তিত থাকিবে এবং নিট পেনশন ও আনুতোষিক নির্ধারিত মূল বেতনের ভিত্তিতে (ধাপভিত্তিক বাস্তবায়নজনিত কারণে আহরিত মূল বেতনের ভিত্তিতে নহে) নির্ধারণ করিতে হইবে এবং নিট পেনশন প্রাপ্তির ক্ষেত্রে অনুচ্ছেদ ১ এর উপ-দফা (৩) এর (ঙ), (চ) ও (ছ) এর বিধান প্রযোজ্য হইবে:

তবে শর্ত থাকে যে, প্রাপ্য আনুতোষিকের সম্পূর্ণ অর্থ একত্রে পরিশোধযোগ্য হইবে;";

(খ) উপ-দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(খ) ১ জুলাই ২০২৬ তারিখের পূর্ব হইতে যেই সকল পেনশনভোগী ও পারিবারিক পেনশনভোগীগণ মাসিক নিট পেনশন পাইতেছেন, তাঁহাদের নিট পেনশন নিম্নবর্ণিত সারণি অনুসারে নির্ধারিত হইবে, যথা:—

সারণি

৩০ জুন ২০২৬ তারিখে প্রাপ্ত নিট পেনশন	নিট পেনশন বৃদ্ধির হার	ন্যূনতম নিট পেনশন	সর্বোচ্চ নিট পেনশন
(১)	(২)	(৩)	(৪)
সর্বনিম্ন - ৯,০০০ টাকা	১০০%	১০,০০০ টাকা	১৮,০০০ টাকা
৯,০০১ - ২০,০০০ টাকা	৭৫%	১৮,০০১ টাকা	৩৫,০০০ টাকা
২০,০০১ - ৩০,০০০ টাকা	৬৫%	৩৫,০০১ টাকা	৪৯,০০০ টাকা
৩০,০০১ - ৪০,০০০ টাকা	৬০%	৪৯,০০১ টাকা	৬২,০০০ টাকা
৪০,০০১ ও তদূর্ধ্ব	৫৫%	৬২,০০১ টাকা	৭০,২০০ টাকা

নোট:

(১) কোনো মূল পেনশনভোগী হইতে উদ্ভুত একাধিক পারিবারিক পেনশনভোগীর ক্ষেত্রে মূল পেনশনভোগীর প্রাপ্য নিট পেনশনকে ভিত্তি ধরিয়া বিধি মোতাবেক আনুপাতিক হারে সংশ্লিষ্ট পারিবারিক পেনশনভোগীগণের মধ্যে নিট পেনশনের পরিমাণ বণ্টন করিতে হইবে;

(২) বিদ্যমান পেনশনভোগীগণের মধ্যে যাঁহারা ইতোমধ্যে মাসিক ৭০,২০০ টাকার অধিক নিট পেনশন উত্তোলন করিতেছেন, তাঁহারা ১ জুলাই ২০২৭ তারিখে বার্ষিক নিট পেনশন বৃদ্ধি কার্যকর হওয়া পর্যন্ত বিদ্যমান হারে নিট পেনশন প্রাপ্য হইবেন;

(৩) উপরি-উক্ত সারণির (১) নং কলামে ভগ্নাংশযুক্ত নিট পেনশনের পরিমাণ পরবর্তী পূর্ণসংখ্যায় রূপান্তর করিয়া নিট পেনশন নির্ধারণ করিতে হইবে;

উদাহরণ:

৩০ জুন ২০২৬ তারিখে কোনো পেনশনভোগীর আহরিত নিট পেনশন ২০,০০০.১৫ টাকা হইলে উক্ত নিট পেনশন পূর্ণসংখ্যায় রূপান্তর করিয়া ২০,০০১ টাকা ধরিতে হইবে। অতঃপর জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুযায়ী তাঁহার নিট পেনশন নির্ধারিত হইবে ২০,০০১+২০,০০১×৬৫%=২০,০০১+১৩,০০০.৬৫= ৩৩,০০১.৬৫ টাকা, যাহা পূর্ণসংখ্যায় রূপান্তরের পর ৩৩,০০২ টাকায় নির্ধারিত হইবে।

(গ) দফা (৩) এর পর নিম্নরূপ ব্যাখ্যা সন্নিবেশিত হইবে, যথা:—

"ব্যাখ্যা।—(ক) ৩০ জুন ২০২৬ তারিখে চাকরি সমাপ্তির পর ১ জুলাই ২০২৬ তারিখে কোনো কর্মচারীর অবসর-উত্তর ছুটি আরম্ভ হইলে ছুটি প্রাপ্যতা সাপেক্ষে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী তিনি অবসরকালীন নির্ধারিত মূল বেতন অনুসারে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ লাম্পগ্র্যান্ট প্রাপ্য হইবেন, ২ জুলাই ২০২৬ তারিখে অথবা তৎপরবর্তী সময়ে কোনো কর্মচারীর অবসর-উত্তর ছুটি আরম্ভ হইলে ছুটির প্রাপ্যতা সাপেক্ষে জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুযায়ী অবসরকালীন নির্ধারিত মূল বেতন অনুযায়ী ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ লাম্পগ্র্যান্ট প্রাপ্য হইবেন এবং লাম্পগ্র্যান্ট বাবদ প্রাপ্য সম্পূর্ণ অর্থ একত্রে পরিশোধযোগ্য হইবে;

উদাহরণ:

জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুযায়ী যদি কোনো কর্মচারীর জুলাই ২০২৬ মাসের নির্ধারিত মূল বেতন ১,১৩,২০০ টাকা ও পর্যায়ক্রমে তিন ধাপে বেতন বাস্তবায়নজনিত কারণে আহরিত মূল বেতন ৮৫,৩৮৪ টাকা হয় এবং তিনি যদি ২২ জুলাই ২০২৬ তারিখে অবসর-উত্তর ছুটিতে গমন করিয়া থাকেন, তাহা হইলে তাঁহার নির্ধারিত মূল বেতন ১,১৩,২০০ টাকার ভিত্তিতে লাম্পগ্র্যান্ট নির্ধারিত ও প্রদেয় হইবে;

(খ) ১ জুলাই ২০২৬ তারিখের পর হইতে জাতীয় বেতনস্কেল, ২০২৬ জারির তারিখ পর্যন্ত সময়ে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ছুটি নগদায়নের দাবি নিষ্পত্তি হইয়া থাকিলে উহা পুনর্নির্ধারণ করিয়া অতিরিক্ত প্রাপ্য লাম্পগ্র্যান্ট বাবদ অর্থ (যদি থাকে) প্রদেয় হইবে।"।

(৪) অনুচ্ছেদ ১৭ এর দফা (৩) এর পর নিম্নরূপ দফা (৪) সংযোজিত হইবে, যথা:—

"(৪) কোনো মূল পেনশনভোগী হইতে উদ্ভূত একাধিক পারিবারিক পেনশনভোগীর ক্ষেত্রে মূল পেনশনভোগীর প্রাপ্য উৎসব ভাতাকে ভিত্তি ধরিয়া বিধি মোতাবেক আনুপাতিক হারে উহা বণ্টন করিতে হইবে।"।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৬ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ ফেরদৌস আলম
যুগ্মসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd